

মক মডেল ইউনাইটেড নেশনস*

ভূমিকা: মডেল ইউনাইটেড নেশনসের কর্মকাণ্ড কীভাবে সম্পন্ন হয় সে সম্পর্কে অংশগ্রহণকারীরা পুঙ্খানুপুঙ্খভাবে বুঝতে পারবে। তারা বিশ্বের বিভিন্ন দেশের কূটনীতিকের ভূমিকা পালন করবে। তারা ইন্টারনেটে গবেষণাধর্মী নিবন্ধ এবং গবেষণাপত্র পড়তে শিখবে। তারা চলমান জলবায়ু সঙ্কট, খাদ্য উৎপাদনের ওপর এই সঙ্কটের প্রভাব এবং খাদ্য উৎপাদনের বিকল্প উপায় নিয়ে একটি গোল টেবিলে জাতিসংঘের অনুকরণে আলোচনা করবে।

জলবায়ু পরিবর্তন-সংক্রান্ত কার্যক্রম

সময়

স্কুল প্রশাসনের নির্দেশনা মোতাবেক স্কুলে ২ দিনের
একটি অনুষ্ঠান করা যেতে পারে

জটিলতা

কঠিন

সরঞ্জাম

- কূটনীতিকদের জন্য আয়তাকার বসার ব্যবস্থাসহ একটি ঘর
- তদারক কমিটির জন্য একটি ডেস্ক
- আন্তর্জাতিক প্রেসের জন্য একটি ডেস্ক ও চেয়ার
- অংশগ্রহণকারীদের জন্য নোটবুক ও কলম
- দেশের নাম ও পদমর্যাদাবাহী প্ল্যাকার্ড
- অন্যান্য আর যেসব জিনিস আয়োজকদের প্রয়োজনীয় বলে মনে হয়

দ্রষ্টব্য: আলোচনায় উত্থাপিত বিষয় ও আলোচনা শুধুমাত্র জলবায়ু পরিবর্তন এবং খাদ্য উৎপাদনের ওপর এর প্রভাবের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

*এই কার্যক্রমটি লিমিটলেস প্রজেক্টের [টাওয়ারগ্যানিক্সের](#) সাথে যুক্ত ধারাবাহিক শিক্ষার পরবর্তী অংশ হিসাবে তৈরি করা হয়েছে।



মক মডেল ইউনাইটেড নেশনস*

ধাপ ১

- সাতজন অংশগ্রহণকারীকে এক একটি নির্দিষ্ট দেশের প্রতিনিধি হিসাবে মনোনীত করা হবে। তিনজন অংশগ্রহণকারী আলোচনায় সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকের দায়িত্ব পালন করবে। এই তিনটি পদকে এই ডকুমেন্টে এখন থেকে তদারক কমিটি বলে উল্লেখ করা হবে। কার্যক্রমে দুজন অংশগ্রহণকারী উপস্থিত থাকবে আন্তর্জাতিক প্রেস হিসাবে।

ধাপ ২

- কূটনীতিকরা জলবায়ু সঙ্কট এবং খাদ্য উৎপাদনের ওপর এর প্রভাবসংক্রান্ত আলোচ্য বিষয়গুলো তদারক কমিটির সামনে উত্থাপন করবে। খাদ্য উৎপাদনের বিকল্প পদ্ধতি, যেমন: উল্লম্ব চাষাবাদ, হাইড্রোপনিক্স, এরোপনিক্স ইত্যাদি নিয়ে আলোচনা করা হবে।

ধাপ ৩

- তদারক কমিটি আলোচনাকে ফলপ্রসূ করে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

ধাপ ৪

- প্রতিটি আলোচনা সম্পর্কিত সিদ্ধান্ত নিয়ে আন্তর্জাতিক প্রেস থেকে প্রতিবেদন দেওয়া হবে।

ধাপ ৫

- তদারক কমিটি সেরা কূটনীতিক ও সেরা কৌশলবিদ নির্বাচন করে তাদেরকে পুরস্কার দেবে।



মক মডেল ইউনাইটেড নেশনস*

কূটনীতিকদের দায়িত্ব

- আপনি যে দেশের প্রতিনিধিত্ব করছেন সেখানকার জলবায়ুর অবস্থা এবং মূলত সেখানকার খাদ্য উৎপাদনের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে পড়াশোনা করে নিন।
- কার্যক্রম চলাকালে শৃঙ্খলা বজায় রাখুন এবং নিজেকে স্মার্টভাবে উপস্থাপন করুন। (মনে রাখবেন যে আপনি এখানে আপনার দেশের প্রতিনিধিত্ব করছেন।)
- কার্যক্রম চলাকালে আলোচনার গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করুন এবং সুষ্ঠু ও সমাধানকেন্দ্রিক আলোচনা নিশ্চিত করুন।

তদারক কমিটির দায়িত্ব

- সুষ্ঠু আলোচনার পরিবেশ বজায় রাখুন এবং অংশগ্রহণকারীরা যেন পালাক্রমে, শুধু আহ্বান পাওয়ার পরই কথা বলে তা নিশ্চিত করুন।
- কূটনীতিকদেরকে যেন তাদের দেশের নামে সম্বোধন করা হয় তা নিশ্চিত করুন।
- আলোচনা যেন একঘেয়ে না হয় এবং আলোচনা শেষে যেন সিদ্ধান্তে পৌঁছানো যায় তা নিশ্চিত করুন।
- আলোচনার সময় বিনোদন এবং অন্যান্য বিষয়ে গল্পগুজব করার জন্য আলাদা সময় রাখুন।
- কূটনীতিকদের উপস্থাপনা, কথা বলার ধরন, তাদের উত্থাপিত আলোচ্য বিষয়, আলোচনায় তাদের অংশগ্রহণ এবং তাদের কূটনৈতিক দক্ষতার ওপর ভিত্তি করে কূটনীতিকদের মূল্যায়ন করুন।
- আলোচনার সময় সব ধরনের পক্ষপাতিত্ব এড়িয়ে চলুন।

(সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকের স্বতন্ত্র দায়িত্ব আয়োজক কমিটিও বাতলে দিতে পারে)

আন্তর্জাতিক প্রেসের দায়িত্ব

- কার্যক্রম চলাকালীন যে বিষয়গুলো নিয়ে আলোচনা হবে সেগুলোর ওপর প্রতিবেদন তৈরি করুন।
- ছবি তুলুন এবং ছোট ছোট ভিডিও ক্লিপ রেকর্ড করুন।
- অনুষ্ঠানটির ওপর একটি সংবাদ প্রতিবেদন তৈরি করে শেষ দিন কমিটির সামনে তা উপস্থাপন করুন।

